ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/খ-৭১/২০১৮/১৯৩ তারিখ: ১৮ মাঘ ১৪৩২ব. / ০১ ফেব্রুয়ারি২০২৬

বিষয়: জ্যেষ্ঠতা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: সহকারী অধ্যাপক জনাব শাহিদা খাতুন-এর গত ১১.০১.২০২৬খ্রি.তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শাহিদা খাতুন, সহকারি অধ্যাপক, আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসা, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া গত ১০.০৪.১৯৯৩ খ্রি. তারিখে আরবি প্রভাষক পদে যোগদান করে গত ০১.১১.১৯৯৫ খ্রি. তারিখে এমপিও ভুক্ত হন যার ইনডেক্স নং ৩৬৭৪৮১। অপরদিকে, উক্ত মাদরাসায় কর্মরত জনাব মাসউদা খাতুন সহকারি মৌলভী হিসেবে আগেই এমপিও ভুক্ত হন যার ইনডেক্স নং ৩৫৩৯০২। পরবর্তীতে জনাব শাহিদা খাতুনের ১ বছর ৪ মাস পরে প্রভাষক হলেও জনাব মাসউদা খাতুনের ইনডেক্স নম্বর একই রয়ে যাওয়ায় এমপিও শীটে তাঁর নাম আগেই রয়ে যায়।

জনাব মাসউদা খাতুন নিজেকে সিনিয়র/জৈষ্ঠ শিক্ষক দাবী করে গত ০১.০৭.২০০৬ খ্রি. তারিখ থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি এবং বেতন স্কেল গ্রহণ করেন। জনাব শাহিদা খাতুন ০১.০৮.২০২২ খ্রি. তারিখে সহকারী অধ্যাপক হন। ফলে চাকরিতে সিনিয়র হওয়া সত্ত্বেও জনাব শাহিদা খাতুন তাঁর প্রাপ্য তারিখ হতে পদোন্নতি বঞ্চিত হন।

এমপিও ভুক্তির ইনডেক্স নম্বর আগে হলেও জ্যেষ্ঠতার সাধারণ বিধি অনুযায়ী জুনিয়র শিক্ষক সিনিয়র শিক্ষকের চাইতে জ্যেষ্ঠ হতে পারেন না। সাম্প্রতিক সময়ে উক্ত মাদরাসায় জনাব মাসউদা খাতুনকে ভারপ্রাপ্ত অধ্যেক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে এতে জ্যেষ্ঠতার সাধারণ বিধির ব্যত্যয় ঘটেছে।

এমতাবস্থায়, জ্যেষ্ঠতার সাধারণ বিধি অনুযায়ী জনাব শাহেদা খাতুন এবং জনাব মাসউদা খাতুনের পারস্পরিক জ্যেষ্ঠতার বিষয়টি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০১/২/২৬

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক
সভাপতি,
আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসা
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/খ-৭১/২০১৮/ ১৯৩ (৬) তারিখ: ০১.০২.২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর , গাইড হাউস ( ৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসা, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৩. জনাব শাহিদা খাতুন, সহকারী অধ্যাপক, আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসা, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
৪. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

01/02/2026

(মোহাম্মদ শরফুদ্দীন)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল নং-০১৫২১২২৩২৮৯